



গ্রামীণ ব্যাংক

নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ২০০৬

RELEASE IN FULL

প্রধান কার্যালয়

মিরপুর-২, ঢাকা-১২১৬

ফোন : ৯০০৫২৫৭-৬৯

ফ্যাক্স : ৮৮ ০২ ৮০১৩৫৫৯

৮৮ ০২ ৮০১১১৩৮

ওয়েব : www.grameen.com

১২, ২০১১

গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে ইস্তফা প্রদানপত্র

আমি আজ মে ১২, ২০১১ তারিখে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব থেকে ইস্তফা দিচ্ছি। গ্রামীণ ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব নূরজাহান বেগমকে আমি আমার দায়িত্ব প্রদান করছি। যতদিন পর্যন্ত গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ১৪ অনুচ্ছেদ অনুযায়ী আমার নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ না-করবেন ততদিন পর্যন্ত তিনি এই দায়িত্ব পালন করে যাবেন।

আপিল আদালতের পূর্ণাঙ্গ রায় এখনো আমাদের হাতে আসেনি। আপিল আদালতে যে সমস্ত আইনগত বিষয় উত্থাপন করা হয়েছে সেগুলিকে কোনভাবে ক্ষুণ্ণ না-করে, শুধু গ্রামীণ ব্যাংকের কার্যক্রম যাতে কোনভাবে ব্যাহত না-হয় তা, এবং গ্রামীণ ব্যাংকে আমার ২৫ হাজার সহকর্মী, ৮৩ লক্ষ ঋণগ্রহীতা ও দরিদ্র মালিকগণ যাতে কোনক্রমে দৈনন্দিন কাজে বাধাগ্রস্ত না-হয় তা নিশ্চিত করার জন্য আমি এপদক্ষেপ গ্রহণ করলাম।

আশা করি গ্রামীণ ব্যাংক তার নিজস্ব স্বাভাবিক রক্ষা করে ক্রমাগতভাবে তার কার্যক্রমকে আরো সাফল্যের দিকে নিয়ে যাবে।

(ডঃ মুহাম্মদ ইউনূস)

ব্যবস্থাপনা পরিচালক

গ্রামীণ ব্যাংক

১২/৫/১১

May 12, 2011

Handing-over of the Charge of Managing Director

I am today relinquishing the post of Managing Director of Grameen Bank on the basis that the Deputy Managing Director Mrs. Nurjahan Begum would hold charge until a Managing Director is appointed in accordance with the procedures under section 14 of the Grameen Bank ordinance. Since the board of Grameen Bank is my appointing authority, it may take appropriate steps.

I have still not received the Appellate Division's full order. I am taking this step without prejudice to the legal issues raised before the Supreme Court, and in order to prevent undue disruption of the activities of Grameen Bank and to ensure my colleagues and our 8 million members, and owners of the bank, are not subjected to any difficulty in discharging their responsibilities.

I hope Grameen Bank will continue to operate maintaining its independence and character under the Grameen Bank Ordinance and move towards even greater success.

(Signed)
(Dr. Muhammad Yunus)
Managing Director
Grameen Bank